

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ
পরিবীক্ষণ ও মূল্যায়ন সেক্টর ০৭
শেরে বাংলা নগর, ঢাকা ১২০৭।
www.imed.gov.bd

চলমান প্রকল্পের নিবিড় পরিবীক্ষণ (In-depth Monitoring) কার্যক্রমের জন্য প্রকল্পের বিবরণী ও পরামর্শক প্রতিষ্ঠানের কার্যপরিধি (ToR):

ক। প্রকল্পের সংক্ষিপ্ত বিবরণ:

১। প্রকল্পের নাম : “ঢাকার মিরপুরস্থ ৯ নং সেকশনে ১৫ টি ১৪ তলা বিশিষ্ট আবাসিক ফ্ল্যাট নির্মাণ প্রকল্প (২য় পর্যায়)” শীর্ষক প্রকল্প।

২। ক) উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগ	:	গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়।
খ) বাস্তবায়নকারী সংস্থা	:	জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ।

৩। প্রকল্প এলাকা :

বিভাগ	জেলা	উপজেলা/থানা	সিটি কর্পোরেশন/পৌরসভা	সমগ্র বাংলাদেশ
ঢাকা	ঢাকা	মিরপুর-৯	ঢাকা-উত্তর সিটি কর্পোরেশন	-

৪। প্রকল্প ব্যয়, বাস্তবায়ন কাল ও অনুমোদন সংক্রান্ত:

(লক্ষ টাকা)

বিষয়	অনুমোদিত প্রাক্কলিত ব্যয়				বাস্তবায়ন কাল	মোট সময় মাস	অনুমোদনের তারিখ	পরিবর্তন (পর্যায় ভিত্তিক)		পরিবর্তন (মূল প্রকল্পের তুলনায়)	
	মোট	জি ওবি	প্র: সা:	অন্যান্য (স্ব- অর্থায়ন)				ব্যয় পরিমাণ (%)	সময় পরিমাণ (%)	ব্যয় পরিমাণ (%)	সময় পরিমাণ (%)
মূল	৯৩৬০৩.১৭	নাই	নাই	৯৩৬০৩.১৭	জানুয়ারি ২০১৭ থেকে জুন ২০২০	৪২ মাস	১৯/০২/২০১৭	-	-	-	-
ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে মেয়াদ বৃদ্ধি (১ম ক্ষেত্রে)	৯৩৬০৩.১৭	নাই	নাই	৯৩৬০৩.১৭	জানুয়ারি ২০১৭ থেকে জুন ২০২২	৬৬ মাস	২৬/০৮/২০২০	-	-	-	২৪ মাস (৫৭.১২ %)

৫। প্রকল্পের অর্থায়ন (ঋণ, অনুদান ইকুইটি): প্রকল্পটি জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ এর সম্পূর্ণ নিজস্ব অর্থায়নে বাস্তবায়ন করা হচ্ছে।

৬। প্রকল্পের সংক্ষিপ্ত পটভূমি উদ্দেশ্য ও প্রস্তাবিত মূল কার্যক্রম:

৬.১ প্রকল্পের পটভূমি: গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের আওতায় জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ কর্তৃক দেশের জনগণের জন্য সারা দেশে প্লট ও ফ্ল্যাট প্রকল্প নির্মাণ করা হচ্ছে। ক্রমবর্ধমান জনসংখ্যা বৃদ্ধির সাথে সাথে আবাস যোগ্য জমির পরিমাণ হ্রাস পাচ্ছে। কাজেই অল্প জমিতে কিভাবে বেশী লোকের আবাসন সম্ভব তা স্থির করে কার্যকরী ব্যবস্থা গ্রহণ করা অপরিহার্য। এসব বিষয় বিবেচনায় রেখে জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ নিজস্ব জমিতে প্রকল্প শুরু করেছে ফলে স্বল্প ও মধ্যম আয়ের জনগণ শাস্রীয় মূল্যে ফ্ল্যাট ক্রয় করতে সমর্থ হবে। এহেন পরিস্থিতিতে সীমিত আয়ের লোকদের জন্য পরিকল্পিত বহু তলা বিশিষ্ট আবাসিক ফ্ল্যাট নির্মাণ পূর্বক বিক্রয় করা হলে আবাসন সমস্যা ক্রমাগতই সমাধান করা যেতে পারে। এ লক্ষ্যে স্বল্প জায়গায় পরিকল্পিতভাবে ভবন নির্মাণের মাধ্যমে ঢাকার মিরপুর ৯ নং সেকশনে স্বল্প ও মধ্যম আয়ের লোকদের নিকট বিক্রির জন্য আবাসিক ফ্ল্যাট নির্মাণের লক্ষ্যে আলোচ্য “ঢাকার মিরপুরস্থ ৯ নং সেকশনে ১৫ টি ১৪ তলা বিশিষ্ট আবাসিক ফ্ল্যাট নির্মাণ প্রকল্প (২য় পর্যায়)” শীর্ষক প্রকল্পটি মোট ৯৩৬০৩.১৭ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে জানুয়ারি ২০১৭ থেকে জুন ২০২২ মেয়াদে অনুমোদিত হয়েছে ও বাস্তবায়নাধীন রয়েছে।

৬.২ প্রকল্পের উদ্দেশ্য:

ক) পরিকল্পিত উপায়ে অল্প জমির উপর সর্বাধিক সুযোগ সুবিধা সম্বলিত অত্যাধুনিক আবাসিক ভবন নির্মাণের মাধ্যমে তীব্র আবাসন সমস্যা হ্রাস করা;

খ) নাগরিক সুযোগ সুবিধা প্রদান করা এবং আধুনিক সুযোগ সুবিধা সৃষ্টির মাধ্যমে পরিকল্পিত উপায়ে জনগণের আবাসন ব্যবস্থার উন্নয়ন করা;

গ) আগ্রহী ব্যক্তিদের যুক্তিসংগত মূল্যে তাদের নিজস্ব একটি আবাসিক ফ্ল্যাট ক্রয়ের ক্ষেত্রে তৈরি করা।

৬.৩ প্রস্তাবিত মূল কার্যক্রম:

আলোচ্য প্রকল্পের ডিপিপি অনুযায়ী 15 টি 18 তলা বিশিষ্ট ভবন নির্মাণের পরিকল্পনা রয়েছে। প্রস্তাবিত প্রকল্পের আওতায় ১৪.৪০ একর জমি ক্রয়, ভূমি উন্নয়ন, বিভিন্ন টাইপের ১৫৬০ টি ক্ল্যাট নির্মাণ, বিভিন্ন ধরনের ৫ টি যানবাহন ক্রয়, পাম্প মোটর স্থাপন, বিদ্যুতায়ন, গ্যাস লাইন সরবরাহ, ড্রেন ও রাস্তা নির্মাণ কাজ ইত্যাদি।

খ। পরামর্শক প্রতিষ্ঠানের কার্যপরিধি (ToR):

১। প্রকল্পটির নিবিড় পরিবীক্ষণ (In-depth Monitoring) কার্যক্রম পরিচালনার জন্য পরামর্শক প্রতিষ্ঠান নিম্নরূপ দায়িত্ব পালন করবে;

- (১) প্রকল্পের বিবরণ (পটভূমি, উদ্দেশ্য, অনুমোদন/সংশোধনের অবস্থা, অর্থায়নের বিষয় ইত্যাদি সকল প্রয়োজ্য তথ্য) পর্যালোচনা ও পর্যবেক্ষণ;
- (২) প্রকল্পের অর্থবছর ভিত্তিক কর্ম পরিকল্পনা, অর্থবছর ভিত্তিক বরাদ্দ, ছাড় ও ব্যয় ও বিস্তারিত অঙ্গভিত্তিক বাস্তবায়ন (বাস্তব ও আর্থিক) অগ্রগতির তথ্য সংগ্রহ, সন্নিবেশন, বিশ্লেষণ, সারণি / লেখচিত্রের মাধ্যমে উপস্থাপন ও পর্যালোচনা;
- (৩) প্রকল্পের উদ্দেশ্য অর্জনের অবস্থা পর্যালোচনা ও প্রকল্পের উদ্দেশ্য ও লগ ফ্রেমের আলোকে output পর্যায়ের অর্জন পর্যালোচনা ও পর্যবেক্ষণ;
- (৪) প্রকল্পের আওতায় সম্পাদিত/চলমান বিভিন্ন পণ্য, কার্য ও সেবা সংগ্রহের (procurement) ক্ষেত্রে প্রচলিত সংগ্রহ আইন ও বিধিমালা (পিপিএ, পিপিআর, উন্নয়ন সহযোগী গাইডলাইন ইত্যাদি) এবং প্রকল্প দলিলে উল্লিখিত ক্রয় পরিকল্পনা প্রতিপালন করা হয়েছে/হচ্ছে কি না সে বিষয়ে তুলনামূলক পর্যালোচনা ও পর্যবেক্ষণ;
- (৫) প্রকল্পের আওতায় সংগৃহীত/সংগৃহীতব্য পণ্য, কার্য ও সেবা পরিচালনা এবং রক্ষণাবেক্ষণের জন্য প্রয়োজনীয় জনবলসহ (টেকসই পরিকল্পনা) আনুষঙ্গিক বিষয় পর্যালোচনা ও পর্যবেক্ষণ;
- (৬) প্রকল্পের আওতায় সংগৃহীত/সংগ্রহের প্রক্রিয়াধীন বিভিন্ন পণ্য, কার্য ও সেবা সংশ্লিষ্ট ক্রয়চুক্তিতে নির্ধারিত স্পেসিফিকেশন/BOQ/TOR, গুণগত মান, পরিমাণ অনুযায়ী প্রয়োজনীয় পরিবীক্ষণ/ যাচাইয়ের মাধ্যমে সংগ্রহ করা হয়েছে/হচ্ছে কি না সে বিষয়ে পর্যালোচনা ও পর্যবেক্ষণ;
- (৭) প্রকল্পের ঝুঁকি অর্থাৎ বাস্তবায়ন সম্পর্কিত বিভিন্ন সমস্যা যেমন অর্থায়নে বিলম্ব, বাস্তবায়নে পণ্য, কার্য ও সেবা ক্রয়/সংগ্রহের ক্ষেত্রে বিলম্ব, ব্যবস্থাপনায় অদক্ষতা ও প্রকল্পের মেয়াদ ও ব্যয় বৃদ্ধি ইত্যাদির কারণসহ অন্যান্য দিক বিশ্লেষণ, পর্যালোচনা ও পর্যবেক্ষণ;
- (৮) প্রকল্প অনুমোদন সংশোধন (প্রয়োজ্য ক্ষেত্রে) অর্থ বরাদ্দ, অর্থ ছাড়, বিল পরিশোধ ইত্যাদি বিষয়ে তথ্য উপাত্তের পর্যালোচনা ও পর্যবেক্ষণ;
- (৯) উন্নয়ন সহযোগী সংস্থা (যদি থাকে) কর্তৃক চুক্তি স্বাক্ষর, চুক্তির শর্ত, ক্রয় প্রস্তাব প্রক্রিয়াকরণ ও অনুমোদন, অর্থ ছাড় বিল পরিশোধে সম্মতি ও বিভিন্ন মিশন এর সুপারিশ ইত্যাদির তথ্য-উপাত্তভিত্তিক পর্যালোচনা ও পর্যবেক্ষণ;
- (১০) প্রকল্প সমাপ্তির পর সৃষ্ট সুবিধাদি টেকসই (sustainable) করার লক্ষ্যে মতামত প্রদান;
- (১১) নির্মিত/নির্মিতব্য ভবনের বিভিন্ন ধরনের ডিজাইন (স্থাপত্য নকশা, কাঠামোগত নকশা, প্লাস্টিং নকশা ও বৈদ্যুতিক নকশা) অনুযায়ী কাজসমূহ যথাযথভাবে বাস্তবায়ন হয়েছে/হচ্ছে কিনা তা যাচাইপূর্বক পর্যালোচনা ও পর্যবেক্ষণসহ ভবিষ্যতের জন্য পরামর্শ প্রদান;
- (১২) নির্মাণ কাজে ব্যবহৃত নির্মাণ সামগ্রীর গুণগতমান যাচাই করা (প্রয়োজনে টেস্টের মাধ্যমে) এবং নির্মিত স্থাপনার গুণগতমান পর্যালোচনা ও পর্যবেক্ষণ;
- (১৩) প্রকল্পটি বাস্তবায়নের পূর্বে IEE এবং EIA কর্তৃক ছাড়পত্র এবং ডিপিপি-তে পরিবেশ-এর প্রভাব ও পরিকল্পিত নগরায়ণের মাধ্যমে পরিবেশের ভারসাম্য রক্ষা বিষয়ে পর্যালোচনা, পর্যবেক্ষণ ও সুপারিশ;
- (১৪) প্রকল্পের উদ্দেশ্য, লক্ষ্য, প্রকল্পের কার্যক্রম, বাস্তবায়ন পরিকল্পনা, প্রকল্প ব্যবস্থাপনা, ঝুঁকি, মেয়াদ, ব্যয়, অর্জন ইত্যাদি বিষয় বিবেচনা করে একটি SWOT ANALYSIS;
- (১৫) প্রকল্প ব্যবস্থাপনাঃ প্রকল্প পরিচালক নিয়োগ, জনবল নিয়োগ, প্রকল্প ব্যবস্থাপনা কমিটির সভা, প্রকল্প স্টিয়ারিং কমিটির সভা আয়োজন, কর্মপরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন, সভার ও প্রতিবেদনের সিদ্ধান্ত বাস্তবায়ন, অগ্রগতির তথ্য প্রেরণ ইত্যাদি পর্যালোচনা ও পর্যবেক্ষণ;
- (১৬) সমীক্ষায় প্রাপ্ত বিভিন্ন পর্যবেক্ষণের ভিত্তিতে সার্বিক পর্যালোচনা ও প্রয়োজনীয় সুপারিশ প্রণয়ন;
- (১৭) প্রকল্প সংশ্লিষ্ট নথিপত্র পর্যালোচনা ও মাঠ পর্যায় হতে প্রাপ্ত তথ্যের বিশ্লেষণের আলোকে সার্বিক পর্যালোচনা, পর্যবেক্ষণ ও প্রয়োজনীয় সুপারিশসহ একটি প্রতিবেদন প্রণয়ন করবে ও জাতীয় কর্মশালায় প্রতিবেদনটি উপস্থাপন করবে। জাতীয় কর্মশালায় প্রাপ্ত মতামত সন্নিবেশ করে চূড়ান্ত প্রতিবেদন প্রণয়ন করবে;
- (১৮) অডিট সম্পাদনের আলোকে অডিট সম্পর্কিত তথ্য পর্যালোচনা (ইন্টারনাল অডিট, এক্সটারনাল অডিট, অডিট আপত্তি সংক্রান্ত যেমন: কতটি অডিট ও কত টাকার অডিট ইত্যাদি);
- (১৯) কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত অন্যান্য বিষয়াবলি।

২। নিম্নলিখিত প্রতিবেদনসমূহ পরামর্শক প্রতিষ্ঠানকে দাখিল করতে হবে:

নং	প্রতিবেদনের নাম	সময়কাল	সংখ্যা
ক।	প্রারম্ভিক প্রতিবেদন (ইনসেপশন রিপোর্ট) (টেকনিক্যাল/স্টিয়ারিং) সভা	চুক্তি সম্পাদনের ১৫ দিনের মধ্যে	৪০ কপি
খ।	১ম খসড়া প্রতিবেদন (টেকনিক্যাল/স্টিয়ারিং) সভা	চুক্তি সম্পাদনের ৭৫ দিনের মধ্যে	৪০ কপি
গ।	২য় খসড়া প্রতিবেদন (ডেসিমিনেশন কর্মশালায়)	চুক্তি সম্পাদনের ৯০ দিনের মধ্যে	৭৫ কপি
ঘ।	খসড়া চূড়ান্ত প্রতিবেদন (বাংলা ও ইংরেজি) (টেকনিক্যাল/স্টিয়ারিং) সভা	চুক্তি সম্পাদনের ৯৫ দিনের মধ্যে	৩০ কপি
ঙ।	চূড়ান্ত প্রতিবেদন (বাংলা ৪০ ও ইংরেজি ২০)	চুক্তি সম্পাদনের ১০০ দিনের মধ্যে	৬০ কপি

৩। পরামর্শক প্রতিষ্ঠান ও পরামর্শকদের প্রকৃতি ও যোগ্যতা:

নং	ফর্ম ও পরামর্শক	শিক্ষাগত যোগ্যতা	অভিজ্ঞতা
১।	ফর্ম (পরামর্শক প্রতিষ্ঠান)	----	<ul style="list-style-type: none"> ➤ গবেষণা অথবা প্রকল্পের মূল্যায়ন সংক্রান্ত সমীক্ষা পরিচালনায় ন্যূনতম ৩ (তিন) বছরের অভিজ্ঞতা থাকতে হবে; ➤ মাঠ পর্যায়ে ডাটা সংগ্রহ, ডাটা প্রক্রিয়াকরণ ও রিপোর্ট প্রণয়ন এ অভিজ্ঞতা; ➤ পর্যাপ্ত জনবল ও প্রয়োজনীয় সহায়ক সামগ্রী থাকতে হবে;
২।	ক) টিম লিডার (মূল্যায়ন বিশেষজ্ঞ)	(ক) স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে যেকোন বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রিধারী। (খ) সংশ্লিষ্ট বিষয়ে পিএইচডি ডিগ্রিধারীদের অগ্রাধিকার দেয়া হবে।	<ul style="list-style-type: none"> ➤ গবেষণা ও মূল্যায়ন কাজে কমপক্ষে ০৫ (পাঁচ) বছরের অভিজ্ঞতা সম্পন্ন হতে হবে; ➤ প্রকল্পের আওতায় সম্পাদিত বিভিন্ন পণ্য, কার্য ও সেবা সংগ্রহের (Procurement) ক্ষেত্রে প্রচলিত আইন ও বিধিমালা (পিপিএ-২০০৬/পিপিআর-২০০৮ ও উন্নয়ন সহযোগী গাইডলাইন ইত্যাদি) অনুসরণপূর্বক কার্যসম্পাদনে বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে; ➤ প্রতিবেদন প্রণয়ন ও উপস্থাপনায় দক্ষতা থাকবে হবে; ➤ SPSS সহ অন্যান্য Statistical Software Package পরিচালনায় দক্ষতা;
	খ) পরিবীক্ষণ ও মূল্যায়ন বিশেষজ্ঞ	স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে সিভিল ইঞ্জিনিয়ারিং বিষয়ে ন্যূনতম স্নাতক ডিগ্রি; স্নাতকোত্তর ডিগ্রিধারীদের অগ্রাধিকার দেওয়া হবে;	<ul style="list-style-type: none"> ➤ নির্মাণ কাজে ন্যূনতম ৩ (তিন) বছরের অভিজ্ঞতা সম্পন্ন হতে হবে; ➤ গবেষণা ও মূল্যায়ন কাজে কমপক্ষে ০৫ (পাঁচ) বছরের অভিজ্ঞতা সম্পন্ন হতে হবে; ➤ আবাসন প্রকল্প সংক্রান্ত কাজের অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার প্রদান করা হবে; ➤ প্রতিবেদন প্রণয়ন ও উপস্থাপনায় দক্ষতা থাকবে হবে; ➤ SPSS সহ অন্যান্য Statistical Software Package পরিচালনায় দক্ষতা থাকলে অগ্রাধিকার প্রদান করা হবে;
	গ) মূল্যায়ন বিশেষজ্ঞ	স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে ইলেকট্রিক্যাল ইঞ্জিনিয়ারিং বিষয়ে ন্যূনতম স্নাতক ডিগ্রি; স্নাতকোত্তর ডিগ্রিধারীদের অগ্রাধিকার দেওয়া হবে;	<ul style="list-style-type: none"> ➤ ইলেকট্রিক্যাল ও নির্মাণ সংক্রান্ত মূল্যায়ন কাজে ন্যূনতম ৩ (তিন) বছরের অভিজ্ঞতা সম্পন্ন হতে হবে; ➤ আবাসন প্রকল্প সংক্রান্ত কাজের অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার প্রদান করা হবে; ➤ প্রতিবেদন প্রণয়ন ও উপস্থাপনায় দক্ষতা থাকবে হবে; ➤ SPSS সহ অন্যান্য Statistical Software Package পরিচালনায় দক্ষতা থাকলে অগ্রাধিকার প্রদান করা হবে;
	ঘ) ডাটা ব্যবস্থাপনা বিশেষজ্ঞ	স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে পরিসংখ্যান/কম্পিউটার সায়েন্স বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রি।	<ul style="list-style-type: none"> ➤ ডাটা ব্যবস্থাপনায় ন্যূনতম ৫(পাঁচ) বছরের বাস্তব অভিজ্ঞতা সম্পন্ন হতে হবে; ➤ SPSS সহ অন্যান্য Statistical Software Package পরিচালনায় দক্ষতা থাকতে হবে।

৪। ক্রয়কারী সংস্থা (আইএমইডি) কর্তৃক প্রদেয়:

- ক) প্রকল্প দলিল ও প্রকল্প সংশ্লিষ্ট বিভিন্ন প্রতিবেদন (ডিপিপি/আরডিপিপি ও পিসিআর); এবং
- খ) বিভিন্ন স্টেকহোল্ডারের সাথে যোগাযোগের জন্য প্রয়োজনীয় সহযোগিতা প্রদান ইত্যাদি।

স্বাক্ষরিত

১৫/১০/২০২০

(মোঃ আব্দুল মজিদ এনডিসি)
মহাপরিচালক, সেক্টর-০৭, আইএমইডি
ও সভাপতি
TOR চূড়ান্তকরণ সংক্রান্ত কমিটি।

